750 Rs.

INDIA NON JUDICIAL

७५० रु. R^s 750

भारत

सात सौ पचास रुपया SEVEN HUNDRED & FIFTY RUPEES

Admissible under Rule 21, duly stamped under the Indian Stamp Act, 1899, as also as Amended by W. Bengal Stamp Amendment Act 1962, Schedule 1A
No. 23 ........................................
...... under Section 82 (1) of the Calcutta Improvement Act, 1911.

| | | |
|---|---|---|
| Stamped ...... under the Stamp Act | Rs | 1476 |
| Additional ...... C.I. Act. | Rs | 500 |
| Paid in cash ...... | Rs | × |
| Total ... ... | R. | 1976 |
| Fee paid as under— | A · 151-50 | |
| | N | 1521— |

Registrar of Assurances Calcutta
22/1/75

কোবালা দলিল মূল্য ২৫,০০০ টাকা ।

দলিল গ্রহীতা :—

শ্রীমতী অমিয়ারানী যশ
স্বামী শ্রী শিব প্রসাদ যশ
জাতি - হিন্দু , পেশা - গৃহস্থালী ,
সাং - ১৬ নং শান্তিপথ , সন্তোষপুর ,
থানা যাদবপুর , কলিকাতা - ৩২ ।
জেলা - ২৪ পরগণা ।

দলিল দাতা :—

১। শ্রী সুনীতি কুমার রায়
২। শ্রী প্রণতি কুমার রায়
উভয়ের পিতা শ্রী মুরারী মোহন রায় ,
জাতি হিন্দু , পেশা - বিত্তভোগী ,
সাং ৪নং ফকির চক্রবর্তী লেন ,
থানা - বড়তলা , সহর - কলিকাতা ,
কলিকাতা - ৬ ।

********************************************

কস্য নিম্ন তপশীল বিশদভাবে বর্নিত নিষ্কর স্বত্ত্বের কমিবেশী

4157 Sumit Kr. Roy + Pranit Kr. Roy
18.B, Sukhmanhood
Cal-?

15.7.75

20 7 10 | 15.00
20 2.00 | 4.00
14 | 7.50
4 | 1.2
 | 18.76/-

Presented for registration at 1-30 P
at the Calcutta Registration Office
on the 22nd day of July 1975
by Sumit Kumar Roy
one of the executants

Registrar of Assurances
Calcutta
22/7/75

Sumit Kumar Roy + Pranit Kumar Roy. both s/o. Murari Mohan Roy both of no 4 Fakir Chakraborty Lane Cal. both by caste Hindu + both by profession Landholder.

3069

3070

G.M. Sanyal Advocate
City civil court cal
G. M. Sanyal
Advocate

Registrar of Assurances
Calcutta
22/7/75

750 Rs.

INDIA NON JUDICIAL

७५० रु.　Rs 750

भारत

सात सौ पचास रूपया　SEVEN HUNDRED & FIFTY RUPEES



কমিবেশী ।.৮.ছটাক ( পাঁচ কাঠা বার ছটাক ) বাস্তু জমি মায় তদ্ পরিস্থিত দ্বিতল পাকা ইমারত সাজ পাট সরঞ্জাম আদি সহ বসত বাটীর অবিভক্ত আট আনা স্বত্বাংশের খোষ কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে : —

নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্নিত বসত বাটী সম্পত্তি অত্র দলিল দাতা গনের আমাদের মাতা অধুনা পরলোকগতা পাঁচু বালা দেবী রায় তাঁহার নিজস্ব স্ত্রীধন অর্থের দ্বারা নিজ স্বার্থে ও হিতার্থে শ্রী গোপী কৃষ্ণ রায় মহাশয়ের স্ত্রী শ্রীমতী শান্তিময়ী রায় মহাশয়ার সহযোগে খরিদ করিয়া খরিদা কাল হইতে তপশীল বর্নিত সম্পত্তির অবিভক্ত আট আনা অংশ দখল ভোগ করিয়া তাহার আয় উপস্বত্ত্ব কর লভ্যাদি অর্জ্জন গ্রহণ করিয়া তাহাতে ভোগবতী দখল কারিনী থাকা অবস্থায় অত্র

200 Rs.

INDIA NON JUDICIAL

२००रू.

Rs200

भारत

दो सौ रुपया TWO HUNDRED RUPEES



অত্র দলিল দাতা গণকে নিজ গর্ভজাত পুত্র ওয়ারীশ বর্ত্তমান রাখিয়া ১৯৫৬ সনের হিন্দু উত্তরাধিকার সংশোধিত আইন প্রবর্ত্তিত হইবার বহু পূর্ব্বে ইংরাজী ৬।৫।৪৫ তারিখে পরলোক গমন করেন, আমাদের মাতার দেহান্তে আমরা অত্র দলিল দাতাগণ আমাদের মাতার স্বত্ত্ব দখলীয় নিম্ন তপশীল বর্নিত বসত বাটীর অবিভক্ত আট আনা স্বত্তাংশ ওয়ারীশ সূত্রে প্রাপ্ত হইয়া তাহাতে নিজ স্বত্বে ও অপরের বিরুদ্ধ দখল জনিত স্বত্বে তাহাতে স্বত্ববান দখলকার থাকিয়া তাহার আয় উপস্বত্ব কর লভ্যাদি অর্জ্জন গ্রহন করিয়া তাহাতে ভোগবান ও দখলকার আছি। তপশীল বর্নিত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দোষ ও নির্দ্দায় অবস্থায় ও সম্পূর্ন হস্তান্তর যোগ্য অবস্থায় আমাদের

200 Rs.

INDIA NON JUDICIAL

২০০রু.　Rs200

भारत

दो सौ रुपया　TWO HUNDRED RUPEES



আমাদের দখলে আছে । এবং ইচ্ছামত হস্তান্তর করিতে আমরাই একমাত্র স্বত্ত্বাধিকারী ও হকদার হইতেছি ।

তপশীল বর্নিত বাস্তু জমির উপর বসত বাটীর ইমারত প্রায় দুইশত বৎসরের পুরাতন তাহা অতিশয় জীর্ন হইয়া গিয়াছে , আশু মেরামতের প্রয়োজন , উক্ত জীর্ন ইমারত মেরামত প্রচুর অর্থের প্রয়োজন । সে অর্থ ব্যয় করিবার সামর্থ আমাদের নাই । তদুপরি বর্ত্তমানে আমাদের কিছু নগদ টাকার অত্যাবশ্যক হওয়ায় এবং প্রয়োজনীয় নগদ টাকা সংগ্রহের আর কোন উপায় না থাকায় তপশীল সম্পত্তি বিক্রয় করিয়া প্রয়োজনীয় নগদ টাকা সংগ্রহের সিদ্ধান্ত করিয়া তদনুরূপ ঘোষণা দিলে আপনি দলিল গ্রহিতা তাহা ২৫,০০০ পঁচিশ হাজার টাকা মূল্যে খরিদ করিতে

75 Rs.

पचहत्तर रुपया


भारत INDIA

৭৫ রু. 75 Rs.

SEVENTY FIVE RUPEES

৫

করিতে প্রস্তুত আছেন প্রস্তাব দেওয়ায় আপনার প্রস্তাব বর্ত্তমান বাজার দর অনুসারে ন্যায্য সঙ্গত ও সর্ব্বোচ্চ পণ অবধারণে আপনার প্রস্তাব গ্রহণ করিয়া তপশীল বর্নিত সম্পত্তি আপনার বরাবর ২৫,০০০ পঁচিশ হাজার টাকা মূল্যে বিক্রয় করিতে স্বীকার ও অঙ্গীকার করিয়া অদ্য কার তারিখে আপনার তহবিল হইতে নগদ পঁচিশ হাজার টাকা প্রাপ্ত হইয়া অত্র কোবালা দলিল আপনার বরাবর সহি সম্পাদন করিয়া তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির দখল আপনার অনুকূলে পরিত্যাগ করিয়া তাহা হইতে চিরতরে নিঃস্বত্ব হইলাম । তপশীলে বর্নিত বিক্রীত সম্পত্তিতে এতাবৎকাল আমাদের যে স্বত্ব স্বার্থ দখল সংশ্রব হক লভ্য নিয়ত ছিল তাহা অদ্য হইতে সমুদয় লোপ পাইয়া তৎসমুদয় আপনার অনুকূলে বর্ত্তাইল । আপনি অদ্য হইতে তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তিতে আমাদের সর্ব্ব প্রকার স্বত্বে স্বত্ত্ববতী দখল কারিনী হইয়া তাহাতে দান বিক্রী হস্তান্তর আদি সর্ব্ব প্রকার ক্ষমতা




৬

ক্ষমতা ইচ্ছামত পরিচালনের অধিকারিনী হইয়া তাহা পুত্র পৌত্রাদি ওয়ারীশ স্থলবর্ত্তীগণক্রমে পরম সুখে দখল ভোগ করিতে থাকুন তাহাতে আমরা কি আমাদের প্রত্যেকের ওয়ারীশ স্থলবর্ত্তীগণ কেহ কোন কালে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিব না কি পারিবে না করিলেও সর্ব্বথা ও সর্ব্ব আদালতে নামঞ্জুর ও বাতিল গণ্য হইবে। তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দোষ ও নির্দায় অবস্থায় আমাদের দখলে সম্পূর্ন হস্তান্তর যোগ্য অবস্থায় থাকা কালীন অত্র কাবালা মূলে তাহা আপনার বরাবর বিক্রয় করিলাম তাহা ইতি পূর্ব্বে কোন প্রকারে হস্তান্তর জন্য কাহারও সহিত কোন প্রকার বায়না বা চুক্তি করি নাই বা কোন বায়নার টাকা গ্রহণ করি নাই, ভবিষ্যতে তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তিতে আমাদের স্বত্ত্বের কোন ত্রুটী হেতু বা কৃতকার্য্যতা হেতু তাহা হইতে বা তাহার কোন অংশ হইতে আপনি

আপনি দখল ভোগে বঞ্চিত হইলে পণের সমুদয় টাকা উপযুক্ত ক্ষতি পূরণ সহ আপনাকে ওয়ারীশান ক্রমে ফেরৎ দিতে বাধ্য রহিলাম । অদ্য তারিখে আমাদের নিজের বসবাসের জন্য ব্যবহৃত চারখানি ঘর ( একতলায় দুইখানি ও দ্বিতলে দুইখানি ) সম্পূর্ন খালি করিয়া দিলাম ।

এতদর্থে স্বেচ্ছায় সজ্ঞানে অন্যের বিনা প্ররোচনায় অত্র কোবালার লিখিত পণের সমুদয় টাকা প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা দলিল আপনার বরাবর সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৩৮২ সাল শ্রাবণ , ইংরাজী ... জুলাই সন ১৯৭৫ সাল ।

তপশীল বিক্রীত সম্পত্তি

---

সহর কলিকাতা , কলিকাতা কর্পোরেশনের অন্তর্গত থানা - বড়তলা এলাকাধীন পরগণা সুতানটী ও সহর কলিকাতার নর্থ ডিভিসন এলাকাধীন ৪ নং ফকির চক্রবর্তী লেন প্রেমিসেসস্থিত কমিবেশী নিস্কর স্বত্ত্বের ।• পাঁচ কাঠা ৸: বার ছটাক মাত্র জমি যায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত ( ইঁষ্টক নির্ম্মিত ) সাজ পাট সরঞ্জাম আদি সহ বসত বাটী উঠান প্রাঙ্গণ , জল , জলের কল যাতায়াতের পথ, সুযোগ সুবিধা ও সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্ত্বাদি সহ সম্পত্তির অবিভক্ত আট আনা বা অর্দ্ধাংশ স্বত্ত্বাংশ বিক্রীত সম্পত্তি ।

-: চৌহদ্দী :-

---

উত্তরে :— ফকির চক্রবর্ত্তী লেন ।

দক্ষিণে :— আংশিক ১।২ , ১।৩ , ১।৪ এবং ১।৬ , ফকির চক্রবর্ত্তী লেন

এবং আংশিক ৩০ নং গরান হাটা ষ্ট্রীট ।

পূর্বে :— আংশিক ৫ নং ফকির চক্রবর্ত্তী লেন এবং আংশিক ২৯ নং গরান হাটা ষ্ট্রীট ।

পশ্চিমে :— ১।২ এবং ২ নং ফকির চক্রবর্ত্তী লেন ।

২২/৭/৭৫

২২/৭/৭৫

ইসাদী :—

16 [illegible]

Cal - 32. 22/7/75

Pradip Kr. Roy Chowdhury
58/B, Roy Jatindranath Chowdhury Lane
Cal-36 22/7/75

Gopal Chandra Roy
8/1 Gour Laha Street
Cal. 6
22.7.75.

টাইপ কারক :—

শ্রী অমরেন্দ্র নাথ দাস ।

সিভিল কোর্ট ( শিয়ালদহ )

কলিকাতা - ১৪ ।